Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

DU in Media

০৪ ফাল্গুন ১৪৩১

17 February 2025

## নয়া দিগন্ত



অমর একুশে ফেব্রুয়ারি 'শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদযাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ■ নয়া দিগন্ত

# অমর একুশে উদযাপন উপলক্ষে ঢাবির প্রস্তুতি সভা অনুষ্ঠিত

অমর একুশে ফেব্রুয়ারি 'শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদযাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এক প্রস্তুতি সভা গতকাল রোববার অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায় সভাপতিত্ব করেন।

সভায় যথাযথ মর্যাদায় সুষ্ঠু, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণভাবে অমর একুশে উদযাপন উপলক্ষে গৃহীত কেন্দ্রীয় সমন্বয় কমিটি এবং বিভিন্ন উপকমিটির কার্যক্রম ও প্রস্তুতি পর্যালোচনা করা হয় এবং সার্বিক অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করা হয়।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করার জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানান। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ন রাখার স্বার্থে অমর একুশে উদযাপন উপলক্ষে গৃহীত সব কর্মসূচি সুশৃঙ্খল, সুষ্ঠু ও সফলভাবে ■ ৪র্থ পৃ: ২-এর কলামে

## অমর একুশে উদযাপন

৩য় পৃষ্ঠার পর

বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সবার সর্বাত্মক ও আন্তরিক সহযোগিতা কামনা করেন।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রোভিসি চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, অমর একুশে উদযাপন উপলক্ষ্যে গঠিত কেন্দ্রীয় সমন্বয় কমিটির সমন্বয়কারী কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, যুগ্ম সমন্বয়কারী বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম ও ফার্মেসি অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ সেলিম রেজা, সদস্যসচিব প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদসহ বিভিন্ন উপকমিটির আহ্বায়ক ও সদস্যসচিব উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি।

## খবরের কাগজ

# অমর একুশে উদযাপনে ঢাবির প্রস্তুতি সভা

### সভা বর্জন ছাত্রসংগঠনগুলোর

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

অমর একুশে ফেব্রুয়ারি (শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস) উদযাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। এদিকে একুশে ফেব্রুয়ারি উদযাপন নিয়ে ছাত্রসংগঠনগুলোর সঙ্গে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মতবিনিময় সভায় ইসলামী ছাত্রশিবির উপস্থিত থাকায় সভা বর্জন করেছে অন্য ছাত্রসংগঠনগুলো।

গতকাল রবিবার বিকেলে অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে এ সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। সভায় যথাযথ মর্যাদায় সুষ্ঠু, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণভাবে অমর একুশে উদযাপনে কেন্দ্রীয় সমন্বয় কমিটি এবং বিভিন্ন উপকমিটির কার্যক্রম ও প্রস্তুতি পর্যালোচনা করা হয়। পরে সার্বিক অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করা হয়।

এ সময় ঢাবি উপাচার্য বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ন রাখার স্বার্থে অমর একুশে উদযাপনে নেওয়া সব কর্মসূচি সুশৃঙ্খল, সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেন।

এদিকে একুশে ফেব্রুয়ারি উদযাপন নিয়ে ছাত্রসংগঠনগুলোর সঙ্গে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মতবিনিময় সভায় ইসলামী ছাত্রশিবির উপস্থিত থাকায় সভা বর্জন করে অন্য ছাত্রসংগঠনগুলো। এ বিষয়ে ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় সভাপতি মাহির শাহরিয়ার রেজা খবরের কাগজকে বলেন, 'বিকেলে মতবিনিময় সভায় ছাত্রসংগঠনগুলো উপস্থিত হয়। পরিচয় পর্ব শুরু হলে আমরা জানতে পারি সেখানে ছাত্রশিবিরের নেতা-কর্মীরা উপস্থিত রয়েছেন। এর একপর্যায়ে ছাত্র ইউনিয়ন, ছাত্রদল, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, বিপ্লবী ছাত্র মৈত্রী, গণতান্ত্রিক ছাত্র কাউন্সিলসহ অপরাপর গণতান্ত্রিক ও প্রগতিশীল ছাত্রসংগঠনগুলো সভাকক্ষ ত্যাগ করে।'

মাহির শাহরিয়ার রেজা আরও বলেন, 'মহান মুক্তিযুদ্ধে গণহত্যাকারী সংগঠন ইসলামী ছাত্রশিবিরের সঙ্গে ছাত্র ইউনিয়ন কোনো আলোচনায় অংশগ্রহণ করতে পারে না।'

এদিকে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ খবরের কাগজকে বলেন, 'শিবির ইস্যুতে ছাত্রসংগঠনগুলো চলে যায়। পরে আমরা সংক্ষেপে বক্তব্য দিয়ে শেষ করে দিয়েছি। তবে যেটি হয়, তারা আলাদা আলাদাভাবে বিভিন্ন মতামত দিত, সেটি দেয়নি। আমরা এ বিষয়ে পরে তাদের সঙ্গে কথা বলে নেব।'

## The Country Today

# DU Teachers' 15-day training workshop begins



**DU Correspondent**

A 15-day training workshop titled 'Training Program: Foundation Certificate in University Teaching and Learning', organized by the Dhaka University Institutional Quality Assurance Cell (IQAC), has started on Sunday at Nabab Nawab Ali Chowdhury Senate Bhaban.

Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan inaugurated the workshop as the chief guest.

IQAC Director Professor Dr. M Rezaul Islam presided over the inaugural ceremony, while Pro-Vice Chancellor (Administration) Prof Dr. Saima Haque Bidisha, Pro-Vice Chancellor (Education) Prof Dr. Mamun Ahmed and Treasurer Prof Dr. M. Jahangir Alam Chowdhury spoke as special guests.

**DU Teachers' 15-day**

University Grants Commission member Prof Dr. Mohammad Tanzimuddin Khan were present as resource persons. IQAC Additional Director Prof Dr. Md. Saiful Alam delivered the welcome address. Additional Director Professor Dr. Syed Shahriar Rahman conducted the program.

## দৈনিক আমাদের বার্তা

# ঢাবি শিক্ষকদের ১৫ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা



■ আমাদের বার্তা, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (আইকিউএসি) এর উদ্যোগে 'Training Program: Foundation Certificate in University Teaching and Learning' শীর্ষক ১৫ দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে।

গতকাল রোববার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এ কর্মশালা শুরু হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কর্মশালা উদ্বোধন করেন।

আইকিউএসি-এর পরিচালক অধ্যাপক ড. এম রেজাউল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরী এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ তানজীমউদ্দিন খান রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন।

আইকিউএসি-এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. সাইফুল আলম স্বাগত বক্তব্য দেন। অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. সৈয়দ শাহরিয়ার রহমান অনুষ্ঠান সঞ্চালনা করেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান আন্তর্জাতিক র‍্যাংকিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থানকে শীর্ষ পর্যায়ে উন্নীত করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, শিক্ষা ও গবেষণার গুণগতমান উন্নয়ন করা আমাদের মূল লক্ষ্য। এক্ষেত্রে শিক্ষকবৃন্দের দক্ষতা বৃদ্ধি ও আত্মবিশ্বাস আরও সুদৃঢ় করতে এই কর্মশালা কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। উল্লেখ্য, কর্মশালায় বিভিন্ন বিভাগের ৫০ জন শিক্ষক অংশগ্রহণ করছেন।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০৪ ফাল্গুন ১৪৩১

DU in Media

17 February 2025

# দৈনিক বাংলা




## ঢাবি শিক্ষকদের প্রশিক্ষণ কর্মশালা শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর উদ্যোগে ÒTraining Program: Foundation Certificate in University Teaching and LearningÓ শীর্ষক ১৫-দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা গতকাল রোববার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কর্মশালা উদ্বোধন করেন।

আইকিউএসি-এর পরিচালক অধ্যাপক ড. এম রেজাউল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরী এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ তানজীমউদ্দিন খান রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন। আইকিউএসি-এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. সাইফুল আলম স্বাগত বক্তব্য দেন। অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. সৈয়দ শাহরিয়ার রহমান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান আন্তর্জাতিক র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থানকে শীর্ষ পর্যায়ে উন্নীত করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, শিক্ষা ও গবেষণার গুণগতমান উন্নয়ন করা আমাদের মূল লক্ষ্য। এক্ষেত্রে শিক্ষকবৃন্দের দক্ষতা বৃদ্ধি ও আত্মবিশ^াস আরও সুদৃঢ় করতে এই কর্মশালা কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

উল্লেখ্য, কর্মশালায় বিভিন্ন বিভাগের ৫০ জন শিক্ষক অংশগ্রহণ করছেন। বিজ্ঞপ্তি

# দৈনিক বর্তমান

## ঢাবি শিক্ষকদের ১৫-দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা শুরু

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর উদ্যোগে 'Training Program: Foundation Certificate in University Teaching and Learning' শীর্ষক ১৫-দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা রবিবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কর্মশালা উদ্বোধন করেন।

আইকিউএসি-এর পরিচালক অধ্যাপক ড. এম রেজাউল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরী এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ তানজীমউদ্দিন খান রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন। আইকিউএসি-এর

এরপর পৃষ্ঠা ৭ কলাম ২




ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর উদ্যোগে ১৫-দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা রোববার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কর্মশালা উদ্বোধন করেন -বর্তমান

### ঢাবি শিক্ষকদের ১৫-দিনব্যাপী

অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. সাইফুল আলম স্বাগত বক্তব্য দেন। অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. সৈয়দ শাহরিয়ার রহমান অনুষ্ঠান সঞ্চালন করেন।
উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান আন্তর্জাতিক র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থানকে শীর্ষ পর্যায়ে উন্নীত করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, শিক্ষা ও গবেষণার গুণগতমান উন্নয়ন করা আমাদের মূল লক্ষ্য। এক্ষেত্রে শিক্ষকবৃন্দের দক্ষতা বৃদ্ধি ও আত্মবিশ্বাস আরও সুদৃঢ় করতে এই কর্মশালা কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।
উল্লেখ্য, কর্মশালায় বিভিন্ন বিভাগের ৫০ জন শিক্ষক অংশগ্রহণ করছেন।

## সংবাদ

# জহুরুল হক হল ক্রীড়ায় খালিদ ও ছারজিল যুগ্ম চ্যাম্পিয়ন

সংবাদ স্পোর্টস ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয় শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের শিক্ষার্থী মো. খালিদ মোহিবুল্লাহ এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী ছারজিল হাসান খান জিদান যুগ্ম চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী মো. শাহীন আলম রানার্সআপ হয়েছেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে গতকাল কেন্দ্রীয় খেলার মাঠে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন।

শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. ফারুক শাহ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাথলেটিকস্ কমিটির সভাপতি অধ্যাপক ড. এস এম আরিফ মাহমুদ, হল বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আহ্বায়ক মো. ইমরুল জুবাইদ, আবাসিক শিক্ষক এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।